যুগান্তর

তারিখ ..14 AUG 2016...
পৃষ্ঠা ...১৯... কলাম ...6...

# জঙ্গিবাদ প্রতিরোধে শিক্ষক কনভেনশন ৩১ আগস্ট

বিশ্ববিদ্যালয় রিপোর্টার

জঙ্গিবাদ প্রতিরোধে দেশের সর্বস্তরের শিক্ষক প্রতিনিধিদের নিয়ে আগামী ৩১ আগস্ট জাতীয় কনভেনশন করবে বাংলাদেশ বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি ফেডারেশন। এতে প্রাইমারি স্কুল থেকে শুরু করে বিশ্ববিদ্যালয় এবং আলিয়া ও কওমি মাদ্রাসা, ইংলিশ মিডিয়াম ও বেরসকারি বিশ্ববিদ্যালয়ের শিক্ষক প্রতিনিধিরাও উপস্থিত থাকবেন। কনভেনশন থেকে জঙ্গিবাদের বিরুদ্ধে একটি 'ঘোষণা' দেয়া হবে।

শনিবার ঢাকা বিশ্ববিদ্যালয়ের সামাজিক বিজ্ঞান অনুষদ অডিটোরিয়ামে দেশের বিভিন্ন স্তরের শিক্ষকদের ১৩টি সংগঠনের এক সভায় এ সিদ্ধান্ত নেয়া হয়। সভায় দেশের ৩৭টি পাবলিক বিশ্ববিদ্যালয়ের শিক্ষকদের প্রতিনিধিত্বকারী সংগঠন বাংলাদেশ বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি ফেডারেশনের সভাপতি অধ্যাপক ফরিদ উদ্দিন আহমেদ ও মহাসচিব অধ্যাপক ড. এএসএম মাকসুদ কামালসহ শিক্ষকদের প্রতিনিধিত্বকারী সংগঠনগুলোর ৩৫ জন সদস্য উপস্থিত ছিলেন। এ বিষয়ে অধ্যাপক ড. এএসএম মাকসুদ কামাল যুগান্তরকে বলেন, আগামী ৩১ আগস্ট সকাল ১০টায় কনভেনশনের তারিখ নির্ধারণ করা হয়েছে। এটি রাজধানীর জাতীয় জাদুঘরে অনুষ্ঠিত হবে।